

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
২২-২৩ মহাশালী খা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০১.১৪.০০১.২৩.২৮০

তারিখঃ ২৭/০২/২০২৫

বিষয়: "অধিক বন্যা প্রবণ এলাকায় বন্যাকালীন দাফন/সৎকারের জন্য কবরস্থান/শ্মশান/Cemetery উন্নয়ন" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত প্রস্তাব প্রেরণ।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.২৪২.১৪.০১১.২৪.১৮, তারিখঃ ২৬-০১-২০২৫ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের অধিক বন্যা প্রবণ এলাকায় দুর্যোগকালীন সময়ে কবরস্থান ও শ্মশানঘাটসমূহ পানিতে নিমজ্জিত হওয়ায় উক্ত এলাকার জনসাধারণ মৃতদেহ দাফন/সৎকারে সমস্যার সম্মুখীন হয়। যা মানসিক, সামাজিক ও ধর্মীয় দৃষ্টিকোণ হতে স্পর্শকাতর। দুর্যোগকালীন সময়ে মৃতদেহ দাফন/সৎকারের অসুবিধা দূরীকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক "অধিক বন্যা প্রবণ এলাকায় বন্যাকালীন দাফন/সৎকারের জন্য কবরস্থান/শ্মশান/Cemetery উন্নয়ন" শীর্ষক প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। এমডাবছায়, দেশের অধিক বন্যাপ্রবণ জেলাসমূহে "অধিক বন্যা প্রবণ এলাকায় বন্যাকালীন দাফন/সৎকারের জন্য কবরস্থান/শ্মশান/Cemetery উন্নয়ন" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক ছক মোতাবেক আগামী ২০/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ০১টি কবরস্থান/শ্মশানের নাম প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ১। বন্যা প্রবণ ইউনিয়নে কবরস্থান ও শ্মশানের (প্রয়োজনীয়তার নিরিখে) নাম প্রস্তাব করতে হবে;
- ২। সরকারি খাস জমি/ব্যক্তি মালিকানাধীন কবরস্থান/সামাজিক কবরস্থান/ব্যক্তিগত জমি হতে হবে; তবে ব্যক্তি মালিকানাধীন কবরস্থান/সামাজিক কবরস্থান/ব্যক্তিগতভাবে দানকৃত জমি নিঃশর্তভাবে জনসাধারণ ব্যবহার করতে পারবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অধিকারনামা প্রদান করতে হবে।
- ৩। জমির পরিমাণ সর্বনিম্ন ১৫ শতাংশ এবং সর্বোচ্চ ৪০ শতাংশ হতে হবে;
- ৪। বিধিমাণ/নতুন কবরস্থান/শ্মশানের নাম প্রস্তাব করতে হবে;
- ৫। শুধুমাত্র বন্যার সময় মৃতদেহ দাফন/সৎকার করা যাবে, এরূপ স্থানের নাম প্রস্তাব করতে হবে।

ক্র. নং	উপজেলা	ইউনিয়ন	কবরস্থান/শ্মশানের নাম	জমির পরিমাণ	কবরস্থান/শ্মশান সংক্রান্ত তথ্য				প্রাক জরীপ পরিমাপ	জমির মালিকানা	মন্তব্য
					দৈর্ঘ্য	প্রস্থ	OGL সর্বোচ্চ বন্যাকালীন উচ্চতা	বাস্তুরাজি ওয়াল/রিটেইনিং ওয়াল নির্মাণ সংক্রান্ত তথ্য			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২


(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৯০১৮.০০০.১৪.০০৪.২৫-

৫৮৪

তারিখঃ ২৮/০৮/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৯/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে 'অধিক বন্যা প্রবণ এলাকায় বন্যাকালীন দাফন/সৎকারের জন্য কবরস্থান/শ্মশান/Cemetery উন্নয়ন শীর্ষক' প্রকল্পের আওতায় প্রকল্প প্রস্তাব প্রদান করার জন্য অনুরোধ করা হলো।


(মেরিনা দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান (সকল)..... ইউপি
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

জনসিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ০৩। অফিস কপি।